

সঞ্জয় কুমার ভৌমিক

অতিরিক্ত সচিব ও

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব),

বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

সঞ্জয় কুমার ভৌমিক, ব্রাহ্মণবাড়িয়া জেলার অর্ন্তগত নাসিরনগর উপজেলার জেঠাগ্রামে জন্মগ্রহণ করেন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় হতে বি.এস.সি. (এজি) সম্মান এবং বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় হতে এগ্রোফরেন্স্ট্রি এন্ড এনভাইরনমেন্ট এর উপর স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। জনাব সঞ্জয় কুমার ভৌমিক ১৯৯৪ সালে (১৩ তম) বিসিএস (প্রশাসন) ক্যাডার সদস্য হিসেবে সরকারি চাকরিতে যোগদান করেন। তিনি সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট, সহকারী কমিশনার (ভূমি), সিনিয়র সহকারী কমিশনার, উপজেলা নির্বাহী অফিসার, জেলা ম্যাজিস্ট্রেট, উপ-পরিচালক, প্রধান নির্বাহী কর্মকর্তা হিসাবে মাঠ পর্যায়ে বিভিন্ন সময়ে কাজ করেছেন। পরবর্তীতে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে পদায়ন হওয়ায় তিনি গত ০৮ নভেম্বর ২০১৮ তারিখে উক্ত মন্ত্রণালয়ে যুগ্ম-সচিব পদে যোগদান করেন। গত ০৭ সেপ্টেম্বর ২০২১ তারিখে সর্বশেষ অতিরিক্ত সচিব পদে পদোন্নতি পেয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে কর্মরত রয়েছেন। পাশাপাশি পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম এর অতিরিক্ত দায়িত্বে গত ১১ অক্টোবর ২০২১ তারিখে যোগদান করেন।